

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 27-11-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Samvidhan Diwas :**

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে গতকাল ৭৬-তম সংবিধান দিবস উদযাপিত হচ্ছে। এবারের সংবিধান দিবসের মূল ভাবনা হামারা সংবিধান- হামারা স্বভিমান অর্থাৎ, আমাদের সংবিধান-আমাদের গর্ব। এই উপলক্ষে নতুন দিল্লির সংবিধান সদনের সেন্ট্রাল হলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সংবিধানের প্রস্তাবনা পাঠ করে মূল অনুষ্ঠানের সূচনা করেন। তিনি বলেন, সংবিধান হল জাতীয় পরিচিতির মূল ভিত্তি। দেশকে উন্নয়নের পথে নিয়ে যাওয়ার দিক নির্দেশ করে এটি। সংবিধান জনগণের আকাঙ্ক্ষা প্রকাশের জন্য একটি অত্যন্ত কার্যকর কাঠামো প্রদান করে। উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণন বলেন, সংবিধান স্বাধীনতার জন্য লড়াই করা লক্ষ লক্ষ দেশবাসীর সম্মিলিত জ্ঞান, ত্যাগ এবং স্বপ্নের প্রতীক। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন, সংবিধানের ছত্রছায়ায় অধীনে দেশে সুপ্রশাসন এবং আর্থ সামাজিক উন্নয়নের এক রূপান্তরমূলক যাত্রার সূচনা হয়েছে। রাষ্ট্রপতি মুর্মু মালায়লাম, মারাঠি, নেপালি, পাঞ্জাবি, বোরো, কাশ্মীরি, তেলুগু, ওড়িয়া ও অসমীয়া এই নয়টি ভাষায় অনুদিত ভারতের সংবিধান প্রকাশ করেন। উল্লেখ্য, ভারতের সংবিধান গৃহীত হওয়ার স্মরণে এই দিনটি উদযাপন করা হয়। স্বাধীন ভারতে ১৯৪৯ সালের ২৬শে নভেম্বর দেশের সংবিধান অনুমোদিত ও গৃহীত হয়। ১৯৫০ সালের ২৬শে জানুয়ারী তা কার্যকর হয়েছিল। সংবিধান দিবসে দেশবাসীর উদ্দেশ্যে এক চিঠিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র

মোদী লিখেছেন সংবিধান একটি পবিত্র দলিল, যা স্পষ্টতা এবং দৃঢ়তার সঙ্গে দেশের অগ্রগতির পথ প্রদর্শন করে চলেছে।

\*\*\*\*\*

### **Samvidhan Diwas-Governor :**

সংবিধান দিবস উপলক্ষ্যে গতকাল আগরতলার কুঞ্জবনে ১ নং পি এম কেন্দ্রীয় বিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নিয়ে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, দেশবাসীর যা কিছু অধিকার ভোগ করার রয়েছে তার সবই আমাদের সংবিধানের অন্তর্ভুক্ত। বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে ভাষণে রাজ্যপাল বলেন, সংবিধান অনুযায়ী আমাদের দেশে উচ্চ নীচ, ধনী দরিদ্র, স্থান, জাত অনুযায়ী কোনও প্রভেদ নেই। সবাই সমান। সবাই সমান অধিকার ভোগ করেন।

\*\*\*\*\*

### **Sangbidhsn Diwas -,Unokoti :**

সংবিধান দিবস উপলক্ষ্যে কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রী জুয়েল ওরাম গতকাল ঊনকোটি জেলার কুমারঘাটের একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নেন। কেন্দ্রীয় মন্ত্রী জুয়েল ওরাম বলেন, গুণগত শিক্ষার প্রসারে ২০২৬ সালের মধ্যে সারা দেশে ৭২৮টি একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল চালু করা হবে। তিনি ছাত্র-ছাত্রীদের নিয়মিত খেলাধুলা ও শরীরচর্চার পরামর্শ দেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী সংবিধান দিবস উপলক্ষে সংবিধানের প্রস্তাবনায় শপথ বাক্য পাঠ করান।

### **Jwel Oram-Unakoti :**

কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রী জুয়েল ওরামের পৌরহিত্যে গতকাল কৈলাশহর সার্কিট হাউজে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ভারত সরকারের

জল জীবন মিশন, পি.এম বিশ্বকর্মা, আদি কর্মযোগী অভিযান, প্রধানমন্ত্রী ফসল বীমা योजना, পি.এম-স্বনিধি, MGNREGA, আয়ুষ্মান ভারত, পি.এম-জনমন, প্রধানমন্ত্রী মাতৃবন্দনা योजना, প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ योजना ইত্যাদির কাজকর্ম, অগ্রগতি, সুবিধা-অসুবিধা এবং জনকল্যাণে আগামীদিনে কি কি করণীয় সে বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। তাছাড়া তথ্যচিত্র উপস্থাপনের মাধ্যমে ঊনকোটি জেলার উন্নয়নের কাজকর্ম প্রদর্শিত হয়। কেন্দ্রীয় মন্ত্রী আকাশবাণীর কাছে এক সাক্ষ্যাৎকারের জানান,

#####Byte #####

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, সমাজকল্যাণ সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায়, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বিধায়ক ভগবান দাশ, বিরজিত সিংহ প্রমুখ।

\*\*\*\*\*

**C.M at @150 Unity March :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সর্দার বল্লভভাই প্যাটেল ভারতের একতা ও অখণ্ডতা রক্ষার জন্য তাঁর সমগ্র জীবন উৎসর্গ করেছিলেন। ভারতের প্রশাসনিক কাঠামো গড়ে তুলতে এবং জাতীয় ঐক্যকে শক্তিশালী করতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন তিনি। গতকাল গুজরাটের শাস্ত্রী ময়দানে আয়োজিত সর্দার @১৫০ ইউনিটি মার্চ পদযাত্রার সূচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা অনুষ্ঠানে অন্যতম অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তাছাড়া গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্রভাই প্যাটেলও উপস্থিত ছিলেন। এর আগে এদিন সকালে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা সর্দার বল্লভভাই প্যাটেলের বাড়িতে যান এবং গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্রভাই প্যাটেলের সাথে তাঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

\*\*\*\*\*

## **T20 Cricket :**

সৈয়দ মুস্তাক আলী টি-২০ জাতীয় ক্রিকেটের প্রথম ম্যাচে ত্রিপুরা পরাজিত হয়েছে। গতকাল আমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় সৌরাষ্ট্র ৪ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

## **Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৯ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*